

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭০৮]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৫: কোন ভাল জিনিসের সুসংবাদ ও তার জন্য মুবারকবাদ জানানো মুস্তাহাব

بَابُ اِسْتِحْبَابِ التَّبْشِيْرِ وَالتَّهْنِئَةِ بِالْخَيْرِ _ (95)

আরবী

عَن أَبِي إِبرَاهِيمَ، وَيُقَالُ: أَبُو مُحَمَّدٍ، وَيُقَالُ: أَبُو مُعَاوِيَةَ عَبدِ اللهِ بنِ أَبِي أَوفَى رَضِيَ اللهُ عَنهُمَا: أَنّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم بشَّرَ خَدِيجَةَ رَضِيَ عَنهُمَا: أَنّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم بَشَّرَ خَدِيجَةَ رَضِيَ اللهُ عَنهَا بِبَيْتٍ فِي الجَنَّةِ مِنْ قَصَبٍ، لاَ صَخَبَ فِيهِ، وَلاَ نَصَبَ. متفقٌ عَلَيْهِ

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

অর্থাৎ "তাদের জন্য আছে সুসংবাদ। অতএব সুসংবাদ দাও আমার দাসদেরকে; যারা মনোযোগ সহকারে কথা শোনে এবং যা উত্তম তার অনুসরণ করে। ওদেরকে আল্লাহ সৎপথে পরিচালিত করেন এবং ওরাই বুদ্ধিমান।" (সূরা যুমার ১৭-১৮ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ يُبَشِّرُهُما ۚ رَبُّهُم بِرَحامَة مِّناهُ وَرِضاوَن وَجَنُّت لَّهُما فِيهَا نَعِيما مُّقِيمً ٢١ ﴾ [التوبة: ٢١]

অর্থাৎ "তাদের প্রতিপালক তাদেরকে নিজ দয়া ও সন্তোষের এবং জান্নাতের সুসংবাদ দিচ্ছেন; যেখানে তাদের জন্য স্থায়ী সুখ-সমৃদ্ধি রয়েছে।" (সুরা তওবা ২১ আয়াত)

তিনি অন্যত্র বলেছেন,

﴿ وَأَبِا شِرُواْ بِٱلاَجَنَّةِ ٱلَّتِي كُنتُما اللَّهِ الْعَدُونَ ﴾ [فصلت: ٣٠]

অর্থাৎ তোমাদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তার সুসংবাদ নাও। (হা-মীম সিজদা ৩০ আয়াত)



তিনি অন্য জায়গায় বলেন.

অর্থাৎ "অতঃপর আমি তাকে এক ধৈর্যশীল পুত্রের সুসংবাদ দিলাম।" সূরা স্বা-ফফাত ১০১ আয়াত) তিনি আরো বলেন.

অর্থাৎ "আর আমার প্রেরিত ফিরিশতারা ইব্রাহীমের নিকট সুসংবাদ নিয়ে আগমন করল।" (সূরা হূদ ৬৯ আয়াত)
তিনি আরো বলেন.

﴿ وَاُما َرَأَتُهُ ۚ قَائِمَة ا فَضَحِكَت فَبَشَّرا أَنُهَا بِإِساءَ حَٰقَ وَمِن وَرَآءِ إِساءَ حَٰقَ يَعاقُوبَ ٧١ ﴾ [هود: ٧١]

वर्शा (अ अगर जात खी मखार्यान हिल, अ दिस छेठेल ठथन जािय ठाक (ইব্রাহীমের ख्वीक) সুসংবাদ দিলাম

ইসহাকের এবং ইসহাকের পর ইয়াকূবের।" (সূরা হূদ ৭১ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ فَنَادَتِهُ ٱلسَّمَلَّئِكَةُ وَهُو قَآئِم اللَّهِ يُصلِّي فِي ٱلسَّمِح ارَابِ أَنَّ ٱللَّهَ يُبَشِّرُكَ بِيَحالِيَى ﴾ [ال عمران: ٣٩]

অর্থাৎ "যখন (যাকারিয়া) মিহরাবে নামায়ে রত ছিলেন তখন ফেরেশ্তাগণ তাকে সম্বোধন করে বললেন, নিশ্চয় আল্লাহ তোমাকে ইয়াহয়্যার সুসংবাদ দিচ্ছেন।" (আলে ইমরান ৩৯ আয়াত)

তিনি আরো বলেছেন,

﴿ إِنا قَالَتِ ٱلسَّمَلِّ يَكُو يُمُ إِنَّ ٱللَّهَ يُبَشِّرُكِ بِكَلِمَة مِّناكُ ٱساءُهُ ٱلسَّمَهُ ٱلسَّمَة ﴿ إِنا عمران: ٥٤]

অর্থাৎ "(স্মরণ কর) যখন ফেরেশতাগণ বললেন, হে মারয়্যাম! নিশ্চয় আল্লাহ নিজের পক্ষ থেকে তোমাকে একটি কালেমা (দ্বারা সৃষ্টসন্তানে)র সুসংবাদ দিচ্ছেন; যার নাম হবে মসীহ।" (আলে ইমরান ৪৫ আয়াত)

এ ছাড়া এ মর্মে অনেক আয়াত রয়েছে, যা অনেকের জানা আছে। আর উক্ত বিষয়ে হাদীসও অনেক বেশী বিদ্যমান, যা বিশুদ্ধ গ্রন্থে উদ্ধৃত হয়েছে বলে সুপ্রসিদ্ধ। তার মধ্যে কতিপয় নিম্নরূপঃ-

১/৭১৩। আবূ ইব্রাহীম মতান্তরে আবূ মুহাম্মাদ বা আবূ মু'আবিয়াহ 'আব্দুল্লাহ ইবনে আবূ আওফা রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাদীজা রাদিয়াল্লাহু□'আনহাকে জান্নাতে (তার



জন্য) ফাঁপা মুক্তা নির্মিত একটি অট্টালিকার সুসংবাদ দান করলেন; যেখানে কোন হট্টগোল ও ক্লান্তি থাকবে না। (বুখারী ও মুসলিম)[1]

English

(95) Chapter: Excellence of Conveying Glad Tidings and Congratulations

Allah, the Exalted, says:

"So announce the good news to My slaves. Those who listen to the Word [good advice La ilaha illallah (none has the right to be worshipped but Allah) and Islamic Monotheism] and follow the best thereof (i.e., worship Allah Alone, repent to Him and avoid Taghut)." (39: 17, 18)

"Their Rubb gives them glad tidings of a Mercy from Him, and that He is pleased (with them), and of Gardens (Jannah) for them wherein are everlasting delights." (9:21)

"But receive the glad tidings of Jannah which you have been promised! " (41:30)

"So we gave him the glad tidings of a forbearing boy." (37:101)

"And verily, there came Our messengers to Ibrahim (Abraham) with glad tidings." (11:69)

"And his wife was standing (there), and she laughed [either, because the messengers did not eat their food or for being glad for the destruction of the people of Lut (Lot)]. But We gave her glad tidings of Ishaq (Isaac), and after Ishaq, of Ya`qub (Jacob)." (11:71)

"Then the angels called him, while he was standing in prayer in Al-Mihrab (a praying place or a private room), (saying): `Allah gives you glad tidings of Yahya (John).''' (3:39)

"(Remember) when the angels said: `O Maryam (Mary)! Verily, Allah gives you the glad tidings of a Word [`Be!'- and he was! i.e., `Isa (Jesus) the son of Maryam] from Him, his name will be the Messiah `Isa.'' (3:45)

'Abdullah bin Abu Aufa (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) gave glad tidings to Khadijah (May Allah be pleased with her) about a palace of hollowed pearls in Jannah, free from noise and toil.

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith throws light on the excellence of Khadijah (May



Allah be pleased with her) and also mentions the glad tidings given to her by Messenger of Allah (PBUH) about her blessful place in a heavenly abode in the Hereafter.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৭৯২, ১৬০০, ৩৮১৯, ৪১৮৮, ৪২৫৫, মুসলিম ২৪৩৩, আবূ দাউদ ১৯০২, ২২৫৯, ইবনু মাজাহ ২৯৯০, আহমাদ ১৮৬২৮, ১৮৬৪৬, ১৮৬৬০, ১৮৯১৭, দারেমী ১৯২২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন